অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রচেস্টারের 146 বছরের পুরনো জেনেসি ব্রুওয়ারিতে 50 মিলিয়ন মার্কিন ডলারের আধুনিকীকরণ প্রকল্প ঘোষণা করেছেন

স্টেটের তহবিল রচেস্টারে একটি বিশ্বমানের প্যাকেজিং সুবিধা তৈরি করতে, 500টি চাকরি বজায় রাখতে এবং 57টি নতুন কর্মসংস্থান তৈরির জন্য প্রকল্প আপগ্রেডগুলোকে সমর্থন করবে

এই বিনিয়োগ "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ রচেস্টার শহরের জেনেসি ব্রুয়ারির জন্য একটি বড় পুনরুজ্জীবন প্রকল্প ঘোষণা করেছেন। 146 বছরের পুরনো এই স্থাপনায় 50 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে ভবনটিকে বিশ্বমানের প্যাকেজিং ফ্যাসিলিটিতে রূপান্তর করা হবে, যা ভবনটির উৎপাদন ক্ষমতা বাড়াবে এবং সাইটে আরো বেশি দক্ষতা অর্জন করবে। সংস্থাটি রচেস্টারে 500 জনেরও বেশি কর্মী ধরে রাখার পাশাপাশি আগামী দুই বছরে এই ফ্যাসিলিটিতে 57টি নতুন কর্মসংস্থান তৈরির পরিকল্পনা করছে এবং বিয়ারের বিখ্যাত ল্যাব্যাট ব্লু এবং ল্যাবাট ব্লু লাইট লাইনের কানাডিয়ান উৎপাদন এবং চালানের পরিপূরক হিসাবে এই ফ্যাসিলিটি ব্যবহার করবে - এটি মার্কিন যুক্তরাষ্ট্রে এই লাইনগুলো উৎপাদন করার প্রথম ফ্যাসিলিটি তৈরি করে। নিউ ইয়র্ক স্টেটে আধুনিকীকরণের আপগ্রেডগুলোতে সহায়তা করার জন্য জেনেসির মূল সংস্থা, FIFCO USA-কে 7 মিলিয়ন মার্কিন ডলার মূলধন অনুদানের প্রস্তাব দিয়েছে।

"এই জেনেসি ব্রুওয়ারি এক শতাব্দীরও বেশি সময় ধরে রচেস্টার কমিউনিটির একটি বিশ্বস্ত নিয়োগকর্তা এবং এই রূপান্তরকারী বিনিয়োগ তাদের আগামী প্রজন্মের জন্য নিউ ইয়র্ক স্টেটে রাখতে সহায়তা করবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক একটি উৎপাদন নবজাগরণের অভিজ্ঞতা অর্জন করছে, লক্ষ লক্ষ ডলার বিনিয়োগ এবং অগণিত, ভালো বেতনের চাকরি আমাদের স্টেটে আসছে এবং আমার প্রশাসন জেনেসি ব্রুয়ারির মতো ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে নিউ ইয়র্কে তাদের উপস্থিতি প্রসারিত করতে এবং আমাদের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

এই প্রকল্পটি 2018 সালে রচেস্টার ফ্যাসিলিটিতে 50 মিলিয়ন মার্কিন ডলারের ফেজ ওয়ান বিনিয়োগের পরে নতুন ট্যাঙ্ক এবং সরঞ্জাম স্থাপনের সাথে ব্রুয়ারির ক্ষমতা বাড়িয়ে তুলবে। সংস্থাটি 2012 সালে জেনেসি ব্রিউ হাউস খুলেছে, যা একটি অন-সাইট যাদুঘর, রেস্তোরাঁ

এবং পাইলট ব্রুয়ারি বৈশিষ্ট্যযুক্ত যা গত বছর ডাউনটাউন রচেস্টারের সুন্দর জেনেসি নদীর তীরে 400,000 এরও বেশি লোককে আকৃষ্ট করেছিল। জেনেসি ব্রিউ হাউস 2023 সালে নিউ ইয়র্ক স্টেট ক্রাফট বিয়ার প্রতিযোগিতায় তাদের হেলেস বিয়ারের সাথে তিনটি পুরস্কারও পেয়েছিল, একটি ঐতিহ্যবাহী হালকা লেজার শোতে সেরা গভর্নর এক্সেলসিয়র ক্রাফট বিয়ার কাপ পুরস্কার গ্রহণ করে।

1878 সালে প্রতিষ্ঠিত, জেনেসি ব্রুয়ারি নিউ ইয়র্ক স্টেটের প্রাচীনতম ব্রুয়ারি এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাচীনতম ক্রমাগত অপারেটিং ব্রুয়ারিগুলোর মধ্যে একটি। ব্রুয়ারি জেনেসি বিয়ারের ক্লাসিক লাইনের পাশাপাশি জনপ্রিয় সিগ্রামের এস্কেপস লাইন, লিপটন হার্ড আইসড টি এবং সারা দেশে বড় অ্যালকোহলযুক্ত পানীয় সংস্থাগুলোর জন্য বেশ কয়েকটি ব্র্যান্ড তৈরি করে।

FIFCO USA এর প্রধান নির্বাহী কর্মকর্তা পিওতর জুরজেউইচ বলেন, "আমাদের ব্রুয়ারির প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতি স্থানীয় কর্মীদের ভবিষ্যতের প্রজন্মের জন্য আমাদের ক্ষমতা আধুনিকীকরণ ও প্রসারিত করতে 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের সিদ্ধান্তকে দৃঢ় করতে সহায়তা করেছিল। আমাদের কানাডিয়ান ব্রুওয়ারের সাথে সহযোগিতায়, আমরা ঠিক একই রেসিপি এবং মানসম্পন্ন উপাদান দিয়ে ল্যাবট তৈরি করছি যা ল্যাবট ব্লু এবং ব্লু লাইটকে মানুষের আশানুরূপ স্বাদ এবং গুণমান প্রদান করে। আমাদের নিউ ইয়র্ক স্টেটের শত শত কর্মচারী ল্যাবট এর ক্রমবর্ধমান চাহিদা মেটাতে সাহায্য করার জন্য উচ্ছ্বসিত যখন আমরা সারা দেশে নতুন চুক্তি তৈরির অংশীদারদের আকৃষ্ট করার জন্য আমাদের ক্ষমতার বিকাশ করি।"

ব্রুয়ার, ভিন্টনার এবং ডিস্টিলারের স্টেটের গতিশীল ইকোসিস্টেমকে উপকৃত করার চলমান প্রচেষ্টায়, গভর্নর হোকলের প্রশাসন সমগ্র নিউ ইয়র্ক জুড়ে একটি ক্রাফট বেভারেজ রেনেসাঁকে সমর্থন করার জন্য শিল্পের সাথে সহযোগিতামূলকভাবে কাজ করেছে। সম্প্রতি প্রণীত অর্থ বছর 2025 বাজেটে রেস্তোরাঁ এবং বারগুলোতে যাওয়া অ্যালকোহলযুক্ত পানীয় বিক্রির পাঁচ বছরের বর্ধিতকরণ অন্তর্ভুক্ত রয়েছে এবং 2023 সালের অক্টোবরে, গভর্নর অ্যালকোহলযুক্ত পানীয় সম্পর্কিত নিউ ইয়র্কের আইনগুলোকে উন্নত করার জন্য একটি আইনের প্যাকেজে স্বাক্ষর করেছিলেন ভোক্তাদের জন্য বিকল্প প্রসারিত করার প্রচেষ্টা এবং অ্যালকোহলযুক্ত পানীয় সেক্টরে নিউ ইয়র্কের ছোট ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সমর্থন করা।

ব্রুয়ার, সিডারি, ডিস্টিলারি এবং ওয়াইনারিগুলোর সংখ্যার জন্য নিউ ইয়র্ক শীর্ষ পাঁচটি স্টেটের মধ্যে রয়েছে। এর ক্রাফট বেভারেজ প্রস্তুতকারকদের তালিকায় 450টিরও বেশি ওয়াইনারি, 500টি ব্রুয়ারি, 200টি ডিস্টিলারি এবং 100টি সিডারি এবং মেডিয়ারি রয়েছে। সামগ্রিকভাবে, নিউ ইয়র্কে 527টি ক্রাফট এবং 11টি বড় ব্রুয়ারি রয়েছে এবং স্টেটের বিয়ার শিল্পের মোট অর্থনৈতিক প্রভাব 5.4 বিলিয়ন মার্কিন ডলারে রাখা হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট পেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেটের পানীয় শিল্প FIFCO এবং দ্য জেনেসি ব্রিউং কোম্পানির মতো সংস্থাগুলোর জন্য বুদবুদ এবং সমৃদ্ধ হচ্ছে। আমরা গভর্নরের দৃঢ় প্রতিশ্রুতিকে অভিনন্দন জানাই এবং এটি স্টেটব্যাপী কর্মশক্তি বৃদ্ধিকারী ও অর্থনৈতিক সুযোগ সুবিধাগুলোকে ত্বরান্বিত করে এমন পানীয় প্রস্তুতকারীদের সহায়তার জন্য একটি মূল উপাদান।"

স্টেট সেনেটর জেরেমি কুনি বলেন, "জেনেসি ব্রুয়ারির ইতিহাস আমাদের শহরের ইতিহাসের সাথে সম্পর্কিত এবং এই আধুনিকায় প্রকল্পের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট এটা নিশ্চয়তা দিচ্ছে যে তারা রচেস্টারের ভবিষ্যতের একটা গুরুত্বপূর্ণ অংশ হিসেবে ভূমিকা পালন করে যাবে। এই বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকল ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রতি কৃতজ্ঞতা জানাই কারন বিনিয়োগটি নতুন চাকরি, ডাউনটাউনের জন্য সুযোগ সুবিধা এবং রচেস্টারের অন্যতম আইকনিক কোম্পানির জন্য অব্যাহত সাফল্যকে সহায়তা করে যাবে।"

অ্যাসেম্বলিমেম্বার ডেমন্ড মিকস বলেন, "রচেস্টারের ঐতিহাসিক জেনেসি ব্রুয়ারির উন্নতির জন্য এত বড় আর্থিক প্রতিশ্রুতি দেখে আমি গর্বিত। এই বিনিয়োগটি এই আইকনিক ব্যবসায়কে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক জুড়ে একটি উল্লেখযোগ্য গন্তব্য হিসাবে তার স্টেটাস ধরে রাখার অনুমতি চেষ্টার সময় অপারেশনগুলো উন্নত করতে সহায়তা করবে। এই উল্লেখযোগ্য সম্প্রসারণের মাধ্যমে আমাদের বাসিন্দা এবং পরিবারগুলিকে সহায়তার জন্য অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগও প্রদান করা হবে। যেহেতু আমরা আমাদের শহরকে সংস্কারের একটি পদক্ষেপ করছি তাই এটি গুরুত্বপূর্ণ যে, আমরা আমাদের কমউনিটি জুড়ে স্থানীয় ব্যবসায়গুলিকে সহায়তা করার ব্যাপারে ইচ্ছুক থাকি। আমাদের প্রিয় জেনেসি ব্রুয়ারির জন্য এই 50 মিলিয়ন ডলারের প্রকল্পের নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নর হোকল এবং FIFCO এর সহায়তার জন্য আমরা কৃতজ্ঞ।"

মনরো কাউন্টির নির্বাহী অ্যাডাম বেলো বলেন, "জেনেসি ব্রুয়ারি সমৃদ্ধ হওয়ার সাথে সাথে আমাদের স্থানীয় কর্মশক্তি ও সুনামও আধুনিক খাদ্য ও পানিয় শিল্পে বেড়ে উঠছে। আমাদের অর্থনৈতিক পটভূমিকে আজকের এই দৃষ্টান্ত স্থাপনকারী ঘোষণাটি চাঙ্গা করে তুলবে এবং প্রায় 150 বছর ধরে চলে আসা অনন্য এক ঐতিহ্যকে এগিয়ে নিয়ে যাবে। ব্যবসা বিস্তারের জন্য মনরো কাউন্টি একটা দারুন জায়গা এটা অনুধাবনের জন্য FIFCO USA এর প্রতি ধন্যবাদ জানাই এবং আমাদের কমিউনিটির ভবিষ্যতের জন্য আপনার অব্যাহত বিনিয়োগের জন্য এম্পায়ার স্টেট ডেভলাপমেন্ট ও গভর্ণর ক্যাথি হোকলের প্রতিও ধন্যবাদ। আমি এই প্রকল্পের নতুন সুযোগ সুবিধাগুলোর জন্য অপেক্ষায় আছি যেটি আমাদের কমিউনিটির জন্য নতুন কিছু প্রস্তুত করবে।"

রচেস্টার সিটির মেয়র মালিক ডি. ইভান্স বলেন, "FIFCO USA, CEO পিওতর জুরজিউইচ এবং জেনেসি ব্রুয়ারির পুরো দলই রচেস্টারের প্রতি তাদের দৃঢ় প্রতিশ্রুতির বিষয়টি প্রমাণ করেছেন এবং এই উল্লেখযোগ্য সম্প্রসারণে বিনিয়োগ করাটাও হলো সেটারই একটা প্রমাণ। রচেস্টারের সবচেয়ে ভালো আইকনিক ব্রান্ডের একটি হলো এই জেনেসি এবং FIFCO USA আমাদের অন্যতম গুরুত্বপূর্ণ নিয়োগকর্তা এবং মূল্যবান কর্পোরেট নাগরিক। আমি ফিঙ্গার লেকস ফরোয়ার্ডের মাধ্যমে এই প্রকল্পে তাদের বিস্ময়কর সহায়তার জন্য গভর্নর ক্যাথি হোকল ও এম্পায়ার স্টেট ডেললাপমেন্টের সাথে তাদের সবাইকে ধন্যবাদ দিতে চাই। আমরা আশাবাদী করার মাধ্যমে ও সুযোগ সুবিধা প্রদান করার মাধ্যমে প্রত্যেকের জন্য একটি নিরাপদ, সমতাভিত্তিক ও উন্নয়নশীল রচেস্টার নির্মানে একত্রে কাজ করে যাচ্ছি।"

গ্রেটার রচেস্টার চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ফিঙ্গার লেকস রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের কো-চেয়ার বব ডাফি বলেন, "আমরা আইকনিক জেনেসি ব্রুয়ারির জন্য 50 মিলিয়ন ডলারের আধুনিকীকরণ প্রকল্পে অগ্রগামী নেতৃত্ব দেওয়ার জন্য তাদের সহায়তা এবং দূরদর্শী নেতৃত্বের জন্য গভর্নর

হোকল এবং FIFCO আমাদের কৃতজ্ঞতা জানাই। তাদের প্রতিশ্রুতির মাধ্যমে আমরা শুধুমাত্র আমাদের প্রতিষ্ঠানগুলোর সক্ষমতাকেই বাড়িয়ে তুলছি না বরং কর্মসংস্থান তৈরি করে একটা ইতিহাস সৃষ্টি করছি। এই কৌশলগত বিনিয়োগ বিশ্ব দরবারে তৈরি হওয়া রচেস্টারের অবস্থানকে শক্তিশালী করবে এবং অর্থনৈতিক উন্নতি ও আমাদের কমিউনিটিতে উদ্ভাবনের জন্য নতুন সুযোগ সুবিধা তৈরি করবে।"

গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজের প্রেসিডেন্ট এবং CEO ম্যাট হারলবাট বলেন, "FIFCO USA গ্রেটার রচেস্টার, NY রিজিওনে তার উপস্থিতি বাড়িয়ে তোলার সিদ্ধান্তটি পানীয় উৎপাদন শিল্পের ব্যতিক্রমী, সহযোগিতামূলক স্বভাবের কারণে সমৃদ্ধ হচ্ছে এবং পানীয় প্রক্রিয়াকরণ ও প্যাকেজিং দক্ষতার সাথে প্রতিভাবান ব্যক্তিদের সমর্থনও পাচ্ছে। আমরা নিউ ইয়র্ক স্টেট, মনরো কাউন্টি, সিটি অব রচেস্টার ও RG&E অর্থনৈতিক উন্নয়ন অংশীদারদের বিভিন্ন সুযোগ সুবিধার জন্য এই অসাধারণ প্রতিক্রিয়াকে স্বাগত জানাই যারা এই সম্প্রসারণকে সমর্থন করার জন্য একটি কার্যকর পদ্ধতির সমন্বয় করেছিলেন। আমি আত্মবিশ্বাসী যে এই অ্যাসেটগুলো FIFCO কে তার দীর্ঘমেয়াদী সম্পৃদ্ধির পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেট ব্রোয়ার অ্যাসোসিয়েশনের নির্বাহী ডিরেক্টর পল লিওন বলেন, "নিউ ইয়র্কের প্রাচীনতম ব্রোয়ারি হিসাবে জেনেসি ব্রুওয়ারি স্টেটের পুরো উদীয়মান শিল্পের অ্যাংকর হিসাবে রয়েছে। FIFCO USA এবং স্টেট অভ নিউ ইয়র্ক উভয়ের মাধ্যমে এই ফ্যাসিলিটিতে বিনিয়োগের অর্থ হলো নিউ ইয়র্কে অবস্থিত আরোও বিয়ার এবং আরো বেশি কর্মসংস্থান তৈরি হবে। এই বিনিয়োগ স্টেটের ক্রাফ্ট ব্রিউইং শিল্পকে দেশের অন্যতম শক্তিশালী হিসেবে ধরে রাখতে সহযোগিতা করে যাবে।"

জেনেসি ব্রুয়ারির ব্যাপারে আরো তথ্য জানতে, ভিজিট করুন: https://www.geneseebeer.com/।

FIFCO USA সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য, https://www.fifcousa.com/ এ যান।

ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কমিউনিটির উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক কৌশল। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং উন্নত উৎপাদন সহ মূল শিল্পগুলোতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। আরো তথ্য এখানে পাবেন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা

চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ NY (I LOVE NY)" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন